

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৫১৯

আগরতলা, ৯ জানুয়ারি, ২০২৪

বিধানসভা সংবাদ

রাজ্যের ৯,৬৯,৯৫০ জন কৃষককে প্রধানমন্ত্রী ফসলবীমা
যোজনার আওতায় আনা হয়েছে : কৃষিমন্ত্রী

রাজ্য ২০২০-২১, ২০২১-২২ ও ২০২২-২৩ অর্থবছরে ৯ লক্ষ ৬৯ হাজার ৯৫০ জন কৃষককে প্রধানমন্ত্রী ফসলবীমা যোজনার আওতায় আনা হয়েছে। খারিফ খন্দে আউস ও আমন ধান এবং রবি খন্দে বোরো ধান, আলু, ফুলকপি, বেগুন, টমেটো এবং তরমুজ বীমার আওতায় এসেছে। আজ রাজ্য বিধানসভায় বিধায়ক জীতেন্দ্র চৌধুরীর এক প্রশ্নের লিখিত উত্তরে কৃষি ও কৃষক কল্যাণ দপ্তরের মন্ত্রী রতনলাল নাথ এই তথ্য জানিয়েছেন। তিনি জানান, এই বীমা খাতে প্রিমিয়াম বাবদ গত ৩টি অর্থবছরে রাজ্য সরকারের তহবিল থেকে মোট ২০ কোটি ৮২ লক্ষ ৭৬ হাজার টাকা ব্যয় হয়েছে। তিনি জানান, শুধুমাত্র স্থানীয় বিপর্যয় ও ফসল কাটার পর হয়ে যাওয়া ক্ষয়ক্ষতি দরুণ কৃষককে ক্ষতিপূরণের জন্য আবেদন করতে হয়। ২০২০-২১ থেকে ২০২২-২৩ অর্থবছর পর্যন্ত মোট ৭ হাজার ৫১ জন কৃষক স্থানীয় বিপর্যয় ও ফসলকাটার পর হয়ে যাওয়া ক্ষয়ক্ষতির জন্য আবেদন করেছেন। তিনি বলেন, ফসলের ঘাটতির নিরীখে ক্ষতিপূরণ পাবার জন্য কৃষককে আলাদা করে আবেদন করার প্রয়োজন হয়না।
